

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাম ও কথাবার্তার পর সিজদা সাহ্উ করা।

باب مَا جَاءَ فِي سَجْدَتَى السَّهْوِ بَعْدَ السَّلاَمِ وَالْكَلاَمِ .

## আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا هُشَيْمٌ، عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم سَجَدَهُمَا بَعْدَ السَّلاَمِ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَاهُ أَيُّوبُ وَغَيْرُ وَاحِدٍ عَنِ ابْنِ سِيرِينَ . وَحَدِيثُ ابْنِ مَسْعُودٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا صَلَّى الرَّابِعَةِ . الرَّجُلُ الظُّهْرَ خَمْسًا فَصَلاَتُهُ جَائِزَةٌ وَسَجَدَ سَجْدَتَى السَّهْوِ وَإِنْ لَمْ يَجْلِسْ فِي الرَّابِعَةِ . وَهُو قَوْلُ سَخْيَلُهُمْ إِذَا صَلَّى الظُّهْرَ خَمْسًا وَلَمْ يَقْعُدْ فِي الرَّابِعَةِ . وَهُو قَوْلُ سُغْيَانَ الثَّوْرِيِّ وَبَعْضِ أَهْلِ الْكُوفَةِ . وَهُو قَوْلُ سُغْيَانَ الثَّوْرِيِّ وَبَعْضِ أَهْلِ الْكُوفَةِ .

## বাংলা

৩৯৪. আহমদ ইবনু মানী (রহঃ) ..... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালামের পর সিজদা সাহু করেছেন। - ইবনু মাজাহ ১২১৪, বুখারি ও মুসলিমে বিস্তারিত, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৯৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। আয়ূ্যব (রহঃ) এবং অপরাপর রাবীগণ ইবনু সীরীন (রহঃ)-এর সূত্রে এটি রিওয়ায়াত করেছেন। ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটিও (৩৯০ নং) হাসান-সহীহ। কতক আলিম এই হাদীস অনুসারে আমল করেছেন। তারা বলেনঃ কেউ যদি যোহরের সালাত ভুলে পাঁচ রাকআত পড়ে ফেলে আর যদি সে চার রাকআতের পর নাও বসে, তবে তার সালাত হয়ে যাবে। কিন্তু তাকে সিজদা সাহু করতে হবে। এ হ'ল ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। আলিমগণের কেউ বলেনঃ কেউ যদি যোহরের সালাত পাঁচ রাকআত পড়ে ফেলে আর সে যদি চতুর্থ রাকআতের পর তাশাহ্ছদ পরিমাণ না বসে, তবে তার সালাত ফাসিদ হয়ে যাবে। এ হ'ল (ইমাম আবৃ হানীফা) সুফইয়ান সাওরী ও কতক কৃফাবাসী আলিমের বক্তব্য।



## **English**

Abu Hurairah narrated:

"The Prophet (S) performed two prostrations after the Salam."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন